**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) কবিগুরু রবীন্দ্র নাথ ঠাকুরের ১৬৩তম জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় সারা রাজ্যে উদযাপিত ।**

**(২) প্রায় ১৪ দিন বন্ধ থাকার পর আজ থেকে আসামের জাটিঙ্গা-লামপুর ও নিউ হারাঙ্গাজাওয়ের মধ্যে পরীক্ষামূলকভাবে পণ্যবাহী ট্রেন চলাচল পুনরায় শুরু হয়েছে ।**

**(৩) নির্বাচন কমিশন আজ ৩৫৪ জন পর্যবেক্ষকের সাথে লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের প্রস্তুতি পর্যালোচনা করেছে ।**

**********************************************

**KOBI PRONAM-NORTH :**

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মজয়ন্তী আজ সারা রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়। উত্তর ত্রিপুরা জেলা সদর ধর্মনগর শহরের দিঘির উত্তর পাড়ে সকালে রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মুর্তিতে ফুল এবং মালা দিয়ে এবছরের রবীন্দ্র জন্ম জয়ন্তীর অনুষ্ঠানের সূচনা হলো তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের উদ্যোগে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের বিশেষ সচিব

রাভেল হেমেন্দ্র কুমার সকাল ১১টায় ধর্মনগর বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত রাজ্য ভিত্তিক মূল অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠিত হয় আলোচনা চক্র ও মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম সচিব স্মিতা মল এম এস, উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, উত্তর জেলার শাসক দেবপ্রিয় বর্ধন প্রমুখ। জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিল্পীরা তাদের পরিবেশনা উপস্থাপন করেন।

**************************

**Rabindra kanan :**

আগরতলার রবীন্দ্র কাননে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কবিগুরুকে শ্রদ্ধা জানানো হয়। তথ্য সংস্কৃতি দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে রবীন্দ্রনাথের পূর্ণাবয়াব মূর্তিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জানালেন দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য সহ অন্যান্য বিশিষ্টজনেরা। এখানে পরিবেশিত হয় শহরের বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের শিশু শিল্পীদের নাচ, গান ও কবিতা পাঠ। রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা জানিয়ে দপ্তরের সচিব পি কে চক্রবর্তী বলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গোটা রাজ্যেই এই দিনটি পালন করা হচ্ছে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে। তিনি বলেন, রবীন্দ্রনাথ ঠাকুরকে নিয়ে চর্চা যত বেশি হবে, সমাজ ও নবীন প্রজন্ম তত উপকৃত হবে। শুধু বাংলায় নয়, এখন প্রতিটি ভাষায় রবীন্দ্র চর্চা হচ্ছে। এটা আমাদের কাছে গর্বের।

************************

**Rabindra jayanti :**

আগরতলার বাংলা সংস্কৃতি বলয়ের পক্ষ থেকে আজ উমাকান্ত একাডেমী প্রাঙ্গণ থেকে একটি প্রভাত ফেরী শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে রবীন্দ্র শতবার্ষিকীভবন প্রাঙ্গনে এসে শেষ হয়। প্রভাত ফেরিতে  আগরতলার ৫০টি সাংস্কৃতিক সংস্থা অংশগ্রহণ করে। এছাড়া রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে ছন্দনীড় এর পক্ষ থেকে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিভিন্ন সংস্থা আবৃত্তি নৃত্য সংগীত পরিবেশন করে।  একই সঙ্গে ছোটদের বসে আঁকো প্রতিযোগিতা ও অনুষ্ঠিত হয়।

**************************

**Rabindra Janma Jayanti-Unakoti :**

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মদিন আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপিত হয়। এই উপলক্ষে কৈলাশহরের নেতাজি বিদ্যাপীঠ ইংরাজি মাধ্যম বিদ্যালয়ে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে জেলাভিত্তিক অনুষ্ঠান হয়। শুরুতেই কবিগুরুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। অনুষ্ঠিত হয় বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান। উপস্থিত ছিলেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, বিদ্যালয়ের অধ্যক্ষ অসিত দত্ত প্রমুখ। এদিকে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে তথ্য-সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কবিপ্রণাম অনুষ্ঠিত হয়। এখানে উপস্থিত ছিলেন, কৈলাশহরের অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া, তথ্য-সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ। এখানে আবৃত্তি, রবীন্দ্রসঙ্গীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশিত হয়।

****************************

**Trial Run :**

প্রায় ১৪ দিন বন্ধ থাকার পর আজ থেকে আসামের জাটিঙ্গা-লামপুর ও নিউ হারাঙ্গাজাওয়ের মধ্যে পরীক্ষামূলকভাবে পণ্যবাহী ট্রেন চলাচল পুনরায় শুরু হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারীক সব্যসাচী দে জানিয়েছেন, আজ সকালে চিনি নিয়ে ২২ র‍্যাকের একটি পণ্যবাহী ট্রেন ত্রিপুরার জিরানিয়া রেল ষ্টেশনের উদ্দেশ্যে রওয়ানা হয়েছে। তিনি জানান, এই রেলপথে আরও কিছু কারিগরী দিক খতিয়ে দেখার পরেই নিয়মিতভাবে পণ্যবাহী ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হবে। উল্লেখ্য, জাটিঙ্গা-লামপুর ও নিউ হারাঙ্গাজাওয়ের মধ্যে রেল লাইনে ধস নামায় গত ২৫শে এপ্রিল থেকে এই পথে পণ্যবাহী ট্রেন চলাচল বন্ধ ছিল। তবে দূরপাল্লার যাত্রীবাহী ট্রেনগুলি রেল লাইনের ওই অংশে ধীরে ধীরে চলাচল করছে।

***************************

**ECI :**

নির্বাচন কমিশন আজ ৩৫৪ জন পর্যবেক্ষকের সঙ্গে লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ের প্রস্তুতি পর্যালোচনা করেছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত বৈঠকে প্রধান নির্বাচন কমিশনার রাজীব কুমার পর্যবেক্ষকদের এই মাসের ১৩ তারিখে সুষ্ঠু ও অবাধ ভোটগ্রহণ নিশ্চিত করার নির্দেশ দেন। তিনি পর্যবেক্ষকদের ভোটকেন্দ্রে বিশেষ করে তাপ মোকাবিলায় সব সুযোগ-সুবিধা নিশ্চিত করতে বলেন।

***********************

**ECI :**

নির্বাচন কমিশন জানিয়েছে, গতকাল অনুষ্ঠিত তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে ভোটের হার ৬৪ দশমিক চার শতাংশ। এই পর্যায়ে ১১টি রাজ্য কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে সবচেয়ে বেশি ভোট পড়েছে আসামে। ৮১ দশমিক ছয় এক শতাংশ। দ্বিতীয় স্থানে রয়েছে পশ্চিমবঙ্গ। ৭৫ দশমিক সাত নয় শতাংশ। তৃতীয় স্থানে গোয়া। ৭৫ দশমিক দুই শতাংশ। তৃতীয় পর্যায়ে লোকসভা নির্বাচনে সবচেয়ে কম ভোট পড়েছে বিহারে। ৫৮ দশমিক এক আট শতাংশ।

*************************

**Dipak Majumder :**

টাউন বড়দোয়ালীর অন্তর্গত মধ্যপাড়াস্থিত নব অঙ্গীকার সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আজ সংস্থার ৪৭তম প্রতিষ্ঠা দিবস এবং  কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মজয়ন্তী পালন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। এই উপলক্ষে সংস্থার উদ্যোগে বৃক্ষরোপণ, স্নিগ্ধালয়া সেবাশ্রমে খাদ্যশস্য বিতরণ এবং এলাকার মা-বোনদের হাতে বস্ত্র তুলে দেওয়া হয়।

***************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ  ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং  টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে । আপডেট পেতে

দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা ।

*****************************

**Annual Day of Kendriya Vidyalaya :**

কৈলাশহরের পি,এমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠান আজ স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। তিনি বলেন, এধরণের অনুষ্ঠান যথেষ্টই অনুপ্রেরণামূলক। শিক্ষার্থী, শিক্ষক-অভিভাবকদের সমন্বয়ে আয়োজিত অনুষ্ঠানের তিনি প্রশংশা করেন। বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, অধ্যাপক তরুণ কুমার সিনহা প্রমুখ। অনুষ্ঠানে বার্ষিক প্রতিবেদন পেশ করেন, কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ ঋতুরাজ। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে উৎকর্ষতার নিরিখে পুরষ্কার প্রদান করা হয়। অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও।

***************************

**Rabindra Jayanti-Udaipur :**

গোমতি জেলাতেও আজ যথাযথ মর্যাদায় রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। জেলার সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে কবি প্রণামের আয়োজন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর, উদয়পুর পুর পরিষদ, গোমতী জিলা পরিষদ ও মাতাবাড়ী ব্লকের যৌথ উদ্যোগে আয়োজিত উদয়পুরের ভূবনেশ্বরী মন্দির প্রাঙ্গনে কবি প্রণাম অনুষ্ঠানের উদ্বোধন করেন গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি

দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা। উপস্থিত ছিলেন শিক্ষক মনোজিৎ ধর, সমাজ সেবক অজিত পোদ্দার প্রমুখ। অনুষ্ঠানে পৌরহিত্য করেন শিক্ষক ভাস্কর নন্দন সরকার। এর আগে উদয়পুর টাউন হল প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় কবি প্রণামের প্রভাতী অনুষ্ঠান।

এদিকে করবুক মহকুমা ভিত্তিক কবি প্রণাম অনুষ্ঠান হয় করবুক পাঞ্জিহাম স্কুলে। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন করবুক মহকুমা শাসক পার্থ দাস। উপস্থিত ছিলেন করবুকের বিডিও দিব্যেন্দু দাস, অতিরিক্ত বিডিও রণতোষ কুমার দেব, এস ডি পি ও গমঞ্জয় রিয়াং প্রমুখ। অনুষ্ঠানে পৌরহিত্য করেন করবুক পাঞ্জিহাম স্কুলের ভাইস প্রিন্সিপাল কার্তিক দেববর্মা।

****************************

**Rabindra Jayanti-Sepahijala :**

রবীন্দ্র আলোচনা, নৃত্য-গীতি, কবিতা আবৃত্তি ইত্যাদির মধ্য দিয়ে সিপাহীজলা জেলা জুড়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে রবীন্দ্র জন্মজয়ন্তী। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বিশালগড় মহকুমার মূল অনুষ্ঠানটি হয় মধ্যে লক্ষীবিলের সরকার টিলা উচ্চ বিদ্যালয়ে। প্রধান অতিথি হিসেবে সেখানে আলোচনা করতে গিয়ে বিশালগড় মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী বলেছেন রবীন্দ্র ভাবনা, রবীন্দ্র দর্শন নবপ্রজন্মের মধ্যে ছড়িয়ে দিতে হবে। তবেই সমাজ সুপথে চালিত হবে।

সোনামুড়ার রবীন্দ্র চৌমুহনীতে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দপ্তরের মহকুমা আধিকারিক তুহিন আইচ। জম্পুইজলা মহকুমায়ও বিশ্ব কবির জন্মদিন উদযাপিত হয়েছে।

*************************

**Rabindra Jayanti-Belonia :**

তথ্য ও সংস্কৃতি দপ্তর উদ্যোগে ও বিলোনিয়া পুর পরিষদের সহযোগিতায় আজ বিলোনিয়ার শিশু উদ্যানে কবি প্রণাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্নাবয়ব মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করেন অবসরপ্রাপ্ত বিচারপতি আশীষ পাল, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা রিপন চাকমা প্রমুখ। অনুষ্ঠানে বিলোনিয়ার বিভিন্ন সাংস্কৃতিক সংস্হার শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার জানিয়েছেন, আজ দক্ষিণ জেলার ৩৯২টি সরকারি স্কুলে আয়োজিত রবীন্দ্র জন্মজয়ন্তী অনুষ্ঠানে ১৪,২৬৮ জন ছাত্রছাত্রী ও ২,৭৩৯ জন শিক্ষক-শিক্ষিকা অংশ গ্রহন করেছেন।

**********************************************

**Press Meet-CPIM :**

আসাম আগরতলা জাতীয় সড়কের চম্পকনগর থেকে চন্দ্রপুর পর্যন্ত অন্গ্স্গ চার লেন করার দাবি জানিয়েছেন সিপিআইএম নেতৃত্ব। আজ আগরতলায় সিপিআইএম জেলা অফিস কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে জানান, এই দাবিতে গতকাল রাজ্যের পূর্ত সচিবের কাছে এক ডেপুটেশন দেওয়া হয়েছে। তিনি জানান,

জাতীয় সড়কের উন্নয়নে আরো বেশ কিছু প্রস্তাব পুর্তসচিবের কাছে পেশ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর ও ত্রিপুরা গনমুক্তি পরিষদের নেতা রাধা চরণ দেববর্মা।

*************************

**Rabindra Jayanti-Jolaibari & Belonia :**

জোলাইবাড়ির পিলাক পাবলিক স্কুলে ও জোলাইবাড়ি কমিউনিটি হলে আজ রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠান হয়। এসএফআই, ডিওয়াইএফআই এবং ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের উদ্যোগে বিলোনিয়া শহরে আয়োজিত রবীন্দ্র জন্ম জয়ন্তী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত, সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের মহকুমা সভাপতি রতন ভৌমিক, ডিওয়াইএফআই নেতা মধূসুধন দত্ত প্রমুখ।

***************************

**Rabindra jayanti-Congress :**

আগরতলার পোস্ট অফিস চৌমুহনীস্থিত ত্রিপুরা প্রদেশ কংগ্রেস ভবনে আজ ত্রিপুরা প্রদেশ যুব কংগ্রেস ও প্রদেশ কংগ্রেসের উদ্যোগে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী পালন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিষ কুমার সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ। উপস্থিত সবাই রবীন্দ্রনাথের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন। প্রদেশ সভাপতি শ্রী সাহা বলেন রবীন্দ্রনাথ আমাদের এবং আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণা। রবীন্দ্রনাথ ঠাকুরের চেতনা সর্বত্র বেঁচে আছে।

*************************

**Senior Cricket Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচে চুংকু থাংগা একাদশ ৪ উইকেটে ব্রু জোয়ান মুথুকে পরাজিত করে। বাইখোড়া মাঠে আয়োজিত এই ম্যাচে প্রথমে ব্যাট করতে নেমে ব্রু জোয়ান মুথু ৩০ ওভার ৪ বলে সব উইকেট খুইয়ে ১৪৫ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে বিজয়ী দল চুংকু থাংগা একাদশ ২০ ওভার ১ বলে ৬ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন চব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল উনত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন তেইশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************